

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 18 May, 2025

ঝড়-বৃষ্টি না, এবার দেশের আবহাওয়া পরিস্থিতিতে দেওয়া হয়েছে ভয়াবহ দুর্ঘটনার পূর্বাভাস। তাপমাত্রা অথবা বাতাসের গতিবেগ অস্বাভাবিক রকম বাড়তে পারে, আসতে পারে মহাবিপদ সংকেত। তাই দেশবাসীকে যার যার অবস্থানে থাকার অনুরোধ করা হয়েছে।

কারণ, চলে এসেছে সুপারস্টার শাকিব খান অভিনীত ‘তাগুব’ সিনেমার ফোরকাস্ট। ‘তাগুব’ সিনেমার ১ মিনিট ৪১ সেকেন্ডের পূর্বাভাসের প্রথমমাংশে এভাবেই দেওয়া হলো সতর্কবার্তা।

সুপারস্টার শাকিব খান ও নির্মাতা রায়হান রাফী দ্বিতীয়বার একসঙ্গে হওয়ার মাধ্যমেই সেই ধারণা করতে থাকেন অনেকে। এর প্রথম আভাস পাওয়া যায় ফাস্ট লুক পোস্টারে। সেখানে শরীরে আগুন নিয়ে শাকিব খান যেভাবে হেঁটে আসার ভঙ্গিতে ছিলেন, তাতে তাগুব ছাড়া অন্য কিছু মনে হওয়ার সুযোগ ছিল না। ভক্ত-দর্শকরাও চমকে গিয়েছিলেন শাকিব খানের নতুন অবতारे।

এবার সেই চমকের মাত্রা বহু গুণে বাড়িয়ে দিলেন পরিচালক রায়হান রাফী।

আজ রবিবার দিনের প্রথমার্ধে প্রকাশ পেয়েছে আসন্ন ঈদের বহুল প্রতীক্ষিত সিনেমা ‘তাগুব’র ফোরকাস্ট। যেখানে নতুন ঢংয়ের কিছু দৃশ্য-শাকিব খানের নতুন অবতার উত্তাল করেছে অনলাইন মাধ্যম। ভক্ত-দর্শকদের উন্মাদনায় মনে হচ্ছে, দেশে ‘তাগুব’ সিজেন শুরু হয়ে গেছে।

পূর্বাভাসে দেখা গেছে, দেশের জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসানকে। হঠাৎ করে তার হাতে অস্ত্র দেখার পর আলাদা লাগতে পারে অনেকের। পরিপাটি পোশাক আর তীক্ষ্ণ দৃষ্টিতে একরকম রহস্যই রেখে গেছেন জয়া আহসান।

টিজারে বড় অংশ জুড়ে আছে রহস্যময় মাস্কি মাস্ক। শাকিব খানসহ অনেককেই এই মাস্কটি পড়ে থাকতে দেখা গেছে। কেন এমন মুখোশ ব্যবহার করা হয়েছে, তার ব্যাখ্যা পাওয়া যাবে সিনেমায়। কোনো প্রকার ইঙ্গিত দেননি পরিচালক।

রায়হান রাফী বলেন, ‘এটাকে আমরা ফোরকাস্ট বা আবহাওয়ার পূর্বাভাস বলছি। কারণ প্রকৃতিতে “তাগুব” উঠতে যাচ্ছে। “তাগুব”র সঙ্গে ফোরকাস্ট বা পূর্বাভাস শব্দটাই সবচেয়ে মানায়।

গত দুই কোরবানি ঈদে রায়হান রাফী পরিচালিত সিনেমা হয়েছে সুপারহিট। আসছে কোরবানি ঈদেও তার ব্যতিক্রম হবে না বলে মনে করছেন তিনি। নির্মাতার কথায়, ‘এবারের কাজটাও এমনভাবে করতে চেয়েছি যে দেশের সিনেমায় আগে কেউ দেখিনি। দর্শকদের ভালো কিছু দেওয়ার প্রত্যয় সবসময় থাকে। এবারও দর্শকরা সেই নতুন কিছু পাবেন।

‘তাগুব’ সিনেমা প্রযোজনা করেছে এসভিএফ আলফা আই এন্টারটেইনমেন্ট লিমিটেড। সহ-প্রযোজনায় আছে দেশের জনপ্রিয় ওটিটি প্ল্যাটফর্ম চরকি। সহযোগিতা করেছে দীপ্ত।

এসভিএফ আলফা আই এন্টারটেইনমেন্ট লি. এর ম্যানেজিং ডিরেক্টর (এমডি) শাহরিয়ার শাকিল বলেন, ‘মাত্র তো সিনেমাটির কিছু দৃশ্য দেখলেন দর্শক। এতে করে দর্শকদের সিনেমাটি নিয়ে একরকম আগ্রহ তৈরি হবে। স্বাভাবিকভাবেই প্রচারের জন্য আরও অনেক কিছুই আসবে। সেগুলো দর্শকদের ভালো লাগবে আশা করি। তবে আমাদের টার্গেট সিনেমাটি দেখে যেন দর্শকরা তৃপ্ত হন। তাহলেই আমাদের স্বার্থকতা।

সিনেমার বাকি অভিনয়শিল্পীদের নাম শীঘ্রই প্রকাশ করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট প্রযোজকেরা। সামনে একে একে প্রকাশ হবে ‘তাণ্ডব’র আরও অনেক প্রচারণামূলক ভিডিও। সেগুলো দর্শকদের আরও চমকে দেবে বলে আশ্বস্ত করেছেন নির্মাতা রায়হান রাফী।

বাড়-বৃষ্টি শাকিব খান মহাবিপদ সংকেত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:12

URL: <https://www.timestodaybd.com/entertainment/7758072633>